# জীবন বীমা কর্পোরেশন

## প্রধান কার্যালয়, ঢাকা।

নং- ৫৩.১৯.৯০০১.০০০.০২.০০০.২৩.-১৫৬

তারিখঃ ১০ আশ্বিন, ১৪৩০
২৪ সেপ্টেম্বর,২০২৩

### সভার নোটিশ

আগামী ২৫-০৯-২০২৩ তারিখ বেলা ০২:০০ ঘটিকায় কর্পোরেশনের প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষে জেনারেল ম্যানেজার-প্রশাসন মহোদয়ের সভাপতিত্বে বিভাগীয় পর্যায়ের দপ্তর প্রধান/মনোনীত প্রতিনিধিদের সাথে প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের ' আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ নিশ্চিতকরণ/অবহিতকরণ' সংক্রান্ত ১ম সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় রিজিওনাল ইনচার্জগণ/তাঁদের মনোনীত প্রতিনিধিগণ ভার্চ্যুয়ালী সংযুক্ত থাকবেন।

কমিটির সম্মানিত সকল সদস্যকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচি:**

০১. জীবন বীমা কর্পোরেশনের বিভাগীয় পর্যায়ের এবং এর আওতাধীন অফিসসমূহে ওয়েব সাইড চালু করে 'সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোডকরণ।
০২. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্দেশনা অবহিতকরণ।
০৩. বিবিধ।

মোঃ [illegible] হোসেন
সহকারী জেনারেল ম্যানেজার টি.এ. ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
০১। জেনারেল ম্যানেজার (সকল)
০২। রিজিওনাল ইনচার্জ (সকল)
০৩। কমিটির সদস্য (সকল)
০৪। ডেপুটি ম্যানেজার, পিএস টু এম.ডি, প্রধান কার্যালয়, ঢাকা- এম.ডি. মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৫। অফিস কপি।

জীবন বীমা কর্পোরেশন
টেকনিক্যাল এ্যাফেয়ার্স ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ/অবহিতকরণ বিষয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম সভার (ভার্চ্যুয়াল) কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মীর নূর মোহাম্মদ, জেনারেল ম্যানেজার(ভারপ্রাপ্ত), প্রশাসন ডিভিশন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা। |
| সভার তারিখ | : | ২৫ সেপ্টেম্বর, ২০২৩ |
| সভার সময় | : | বেলা ২ : ০০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেল কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির কার্যক্রম সম্পর্কে ধারনা দেন এবং সভার আলোচ্য সূচি অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী আলোচনা করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| ০১ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি গঠন। | দ্রুত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে। কমিটিতে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং একজন বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা থাকতে হবে। কমিটি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুসরণ করে কাজ করবেন। | সকল রিজিওনাল অফিস। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ নিশ্চিতকরণ।<br><br>এ বিষয়ে সভাকে অভহিত করা হয় যে, জীবন বীমা কর্পোরেশনের প্রধান কার্যালয়ের আওতাধীন দপ্তরে কোন ওয়েব সাইড খোলা হয়নি। আওতাধীন দপ্তরসমূহে ওয়েব সাইড চালু করে সেখানে সংশ্লিষ্ট দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করার জন্য গত ২৯-০৮-২০২৩ এবং অদ্য ২৫-০৯-২০২৩ তারিখের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এতদসংক্রান্ত কমিটির সভায় নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়টি কর্পোরেশনের গত ৩০-০৮-২০২৩ তারিখে অনুষ্ঠিত ৯৯তম মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হলে আওতাধীন অফিসসমূহে ওয়েব সাইড চালু করে সংশ্লিষ্ট দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু অদ্যাবদি কোন অফিসই ওয়েব সাইড চালু করেনি।<br>এ বিষয়ে সভাকে আরও অবহিত করা হয় যে, অদ্য ২৫-০৯-২০২৩ তারিখের এতদসংক্রান্ত মন্ত্রণালয়ের মিটিং-এ মন্ত্রিপরিষদ বিভাগের উদ্বৃতি দিয়ে মাঠ পর্যায়ের অফিসে খুব দ্রুত ওয়েব সাইডের সেবা বক্সে স্ব স্ব অফিসের 'সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)' আপলোড করার এবং অফিসের সামনে টাঙানোর বা বোর্ডে সাটিয়ে রাখার জন্য সতর্ক করেছেন। | (ক) এ বিষয়ে খুব দ্রুত মাঠ পর্যায়ের অফিসসমূহে ওয়েব সাইড চালু করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা-২০১৭ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করতঃ তা ওয়েব সাইডের সেবা বক্সে আপলোড করতে হবে।<br>(খ) নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি অফিসের সামনে টাঙানোর বা বোর্ডে সাটিয়ে রাখার ব্যবস্থা করতে হবে।<br>(গ) ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে। | আইসিটি ডিভিশনের সহযোগিতায় সকল রিজিওনাল অফিস। |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর উপর কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন করতে হবে। | প্রশিক্ষণ বিভাগের সহযোগিতায় সকল রিজিওনাল অফিস। |
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রেরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করতঃ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করবে। | সকল রিজিওনাল অফিস। |

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত যে কোন তথ্য/বিষয় জানার জন্য কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ফারুক হোসেন, সহকারী জেনারেল ম্যানেজার, টেকনিক্যাল এফেয়ার্স ডিভিশন, প্রধান কার্যালয়-এর সাথে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৯/২০২৩

মীর নূর মোহাম্মদ
জেনারেল ম্যানেজার(ভারপ্রাপ্ত), কর্মচারী প্রশাসন ডিভিশন
ও
আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

৫৩.১৯.৯০০১.০০০.০২.০০০.২৩.১৫৮ তারিখঃ ২৫ সেপ্টেম্বর, ২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। রিজিওনাল ইনচার্জ (সকল)
০২। কমিটির সদস্য (সকল)
০৩। ডিজিএম- আইসিটিডি, প্রধান কার্যালয়, ঢাকা- কার্যবিবরণী সেবা বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হল।
০৪। ম্যানেজার- প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা
০৫। পিএস টু এমডি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা- ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য
০৬। অফিস কপি।

২৫/০৯/২০২৩

মোঃ ফারুক হোসেন
এজিএম-টি.এ.ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।
ফোন: ০২৫৭১৬৫৭৬৫